বাংলা ট্রিবিউন

ENG

দুপুর ০২:১৪ ; শনিবার ; আগস্ট ০৪ , ২০১৮

হোম > জাতীয় > নিউজ

# আজ দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা

বাংলা ট্রিবিউন রিপোর্ট | ২০:২৬ , আগস্ট ০১ , ২০১৮

Save to Facebook 8.9K

*শিক্ষা মন্ত্রণালয়*

শিক্ষার্থীদের নিরাপত্তার স্বার্থে আজ বৃহস্পতিবার (২ আগস্ট) সারাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করেছে শিক্ষা মন্ত্রণালয়। বুধবার রাত ৮ টা ১৫ মিনিটে শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসাইন বাংলা ট্রিবিউনকে এ তথ্য নিশ্চিত করেছেন।

সোহরাব হোসাইন বলেন, 'শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনা করে বৃহস্পতিবার সারাদেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করেছে শিক্ষা মন্ত্রণালয়। এদিন সব শিক্ষা প্রতিষ্ঠানের সকল কার্যক্রম বন্ধ থাকবে।'

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের মহাপরিচালক মাহবুবুর রহমান বাংলা ট্রিবিউনকে জানান, 'প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশ পাওয়ার পর শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন সব প্রতিষ্ঠান বৃহস্পতিবার বন্ধ থাকবে।'

উল্লেখ্য, রাজধানীর কুর্মিটোলা এলাকায় বাসচাপায় দুই শিক্ষার্থী নিহত হওয়ার ঘটনায় গত চার দিন ধরে রাজধানীর বিভিন্ন এলাকায় শিক্ষার্থীরা সড়কে নেমে এসে ওই দুই শিক্ষার্থী হত্যার বিচার দাবিসহ নিরাপদ সড়কের দাবিতে আন্দোলন শুরু করলে রাজধানীতে যান চলাচল বন্ধ হয়ে জনজীবনে মারাত্মক দুর্ভোগের সৃষ্টি হয়। দেশের বেশ কিছু এলাকাতেও শিক্ষার্থীরা সড়কে নেমে আসে। এ ঘটনায় সরকার শিক্ষার্থীদের দেওয়া ৯ দফা দাবি মেনে নেওয়ার আশ্বাস দেয় ও শিক্ষার্থীদের ঘরে ফিরে যাওয়ার আহ্বান জানায়। এরপর রাতে এ ঘোষণা দিলো শিক্ষা মন্ত্রণালয়।

X

/আরএআর/এসএমএ/টিএন/

Save to Facebook 8.9K

ডয়চে ভেলে

সর্বশেষ সর্বাধিক পঠিত

ছাত্রের ওপর এসিড নিক্ষেপ করলো শিক্ষক

নরসিংদীতে লেগুনা চাপায় কলেজ ছাত্র নিহত x

নরসিংদীতে লেগুনা চাপায় কলেজ ছাত্র নিহত

যুক্তরাজ্যের ইহুদিদের জন্য লেবার পার্টি হুমকি নয়: করবিন

দাবি আদায়ে পিছিয়ে নেই ছাত্রীরাও

শিক্ষার্থীদের আন্দোলনকে সরকারবিরোধী আন্দোলনে রূপ দেওয়ার চেষ্টা হয়েছে: কাদের

কুবির ভর্তি পরীক্ষা ৯ নভেম্বর

সিরিয়া পুনর্গঠনে মার্কিন সহায়তা চাইলো রাশিয়া

শেষ বলের রোমাঞ্চে ওয়ানডেতে নেপালের প্রথম জয়

পিনাক-৬ লঞ্চ দুর্ঘটনার চার বছর: এখনো ভুলতে পারেনি স্বজনরা

সকল সর্বশেষ



বাংলা ট্রিবিউন www.banglatribune.com | কম কথায় সব কথা

সম্পাদক: জুলফিকার রাসেল

প্রকাশক: কাজী আনিস আহমেদ



ডেস্কটপ সাইট দেখুন

অ্যান্ড্রয়েড অ্যাপস ডাউনলোড করুন ANDROID APP ON Google play

দেশ রাজনীতি বিদেশ বিনোদন খেলা টেক অ্যান্ড গ্যাজেটস লাইফস্টাইল সাহিত্য অন্যান্য কলাম তারুণ্য



ইমেইল: info@banglatribune.com

news@banglatribune.com


© 2018 Bangla Tribune

**Partners:** DW

এফ আর টাওয়ার, ৮/সি পান্থপথ, শুক্রাবাদ, ঢাকা-১২০৭ | ফোন: ৯১৩৩২০৭, ৯১৩৩২০৮, ফ্যাক্স: ৯১৩৩২৭৪ | মোবাইল: ০১৭৩-০৭৯৪৫২৭, ০১৭৩০৭৯৪৫২৮

x